গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

স্মরক নং-৪১.০০.০০০০.০২৮.১৪.০১.১৭.৩৫৯ তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৭ মে ২০২৪

**বিষয়: "দরিদ্রতা সূচক ভিত্তিক উপকারভোগী বাছাই"-এর খসড়া নির্দেশিকা বিদ্যমান নীতিমালায় সংযোজন সংক্রান্ত।**

সূত্র : ৪১.০১.০০০০.০৯০.০৭.০২৫.২০২১.৪৭৬, তারিখ-২১.০৫.২০২৪, ক্যাশ ট্র্যান্সফার মর্ডানাইজেশন (সিটিএম) প্রকল্প, সমাজসেবা অধিদফতর

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "দরিদ্রতা সূচক ভিত্তিক উপকারভোগী বাছাই" করার লক্ষ্যে খসড়া নির্দেশিকাটি বিদ্যমান নীতিমালার অনুচ্ছেদ ১১'তে উল্লিখিত বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা প্রদানের ক্ষেত্রে উপকারভোগী বাছাই প্রক্রিয়ায় (প্রযোজ্য ক্ষেত্রে) সংযোজন/চূড়ান্তকরণের বিষয়ে নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো।

সংযুক্তি: অনুমোদিত নির্দেশিকা।

২৭/০৫/২০২৪

(মোহাম্মদ নাজমুল আহসান)
উপসচিব
ফোন-৫৫১০০৮০৮
ই-মেইল: mswplanone@gmail.com

মহাপরিচালক (গ্রেড-১)
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. যুগ্মসচিব (কার্যক্রম অধিশাখা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা ।
২. পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজেসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, Cash Transfer Modernization Project (CTM) শীর্ষক প্রকল্প সমাজেসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা ।
৫. অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. অফিস কপি।

D:/Running Project/CTM Project/Letter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# দরিদ্রতা সূচক ভিত্তিক উপকারভোগী বাছাই পদ্ধতি নির্দেশিকা-২০২৪

সমাজসেবা অধিদপ্তর

সমাজকল্যাণ মন্ত্রণালয়

২৬ মে ২০২৪

**পটভূমি:** সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে সমাজসেবা অধিদপ্তর দেশের দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নের জন্য ব্যাপক এবং বহুমুখী সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করছে। জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-২০১৫'তে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সঠিক উপকারভোগী লক্ষ্যভূক্তকরণে দরিদ্রতা সূচক-ভিত্তিক বাছাই পদ্ধতি ব্যবহার করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে, জুলাই ২০২৩ থেকে সমাজসেবা অধিদপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের মধ্যে বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতার ক্ষেত্রে "দরিদ্রতা সূচক ভিত্তিক উপকারভোগী বাছাই পদ্ধতি" চালু করা হয়েছে।

এ নির্দেশিকাটি সমাজসেবা অধিদপ্তরের আওতাধীন সংশ্লিষ্ট সকল কার্যালয় অনুসরণসহ বিদ্যমান বাস্তবায়ন নীতিমালার সংযোজনী হিসেবে যুক্ত হবে। বয়স্ক ভাতা বাস্তবায়ন নীতিমালার অনুচ্ছেদ ১১ এবং বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা বাস্তবায়ন নীতিমালার অনুচ্ছেদ ১১'তে উল্লিখিত উপকারভোগী বাছাই প্রক্রিয়ায় (প্রযোজ্য ক্ষেত্রে) এ নির্দেশিকা অনুসরণ করতে হবে।

“দরিদ্রতা সূচক ভিত্তিক উপকারভোগী বাছাই পদ্ধতি" শিরোনামের নির্দেশিকাটি নীতিমালায় সংযোজনী হিসেবে প্রকাশ করা হবে এবং জুলাই ২০২৩ হতে কার্যকর হিসেবে গণ্য হবে।

**দরিদ্রতা সূচক ভিত্তিক উপকারভোগী বাছাই পদ্ধতি**

১. **অনলাইন আবেদন:** যোগ্য বয়স্ক ব্যক্তি এবং বিধবা ও স্বামী নিগৃহিতা বা তাদের পক্ষে যে কোন ব্যক্তি ডিজিটাল সেন্টার, জাতীয় তথ্যসেবা হেল্পলাইন ৩৩৩ বা অন্য যে কোনো ইন্টারনেট অ্যাক্সেস পয়েন্ট থেকে www.bhata.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে আবেদন করতে পারবেন। প্রয়োজনে সংশ্লিষ্ট সমাজসেবা অফিস আবেদন দাখিলে সহযোগিতা করতে পারবে। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর নির্বাচন কমিশনের জাতীয় পরিচয়পত্র তথ্য ভান্ডার-এর সাথে যাচাই করতে হবে।

[***জাতীয় পরিচয়পত্র যাচাইকরণের প্রক্রিয়ার উপর দ্রষ্টব্য: আবেদনের সময়ে আবেদনকারী তার জাতীয় পরিচয়পত্র নম্বর অনলাইন আবেদন ফরমে প্রদান করবে। এর পর বাছাই কমিশনের এনআইডি ডাটাবেস থেকে আবেদনকারীর সংশ্লিষ্ট তথ্য যাচাই করা হবে এবং মৌলিক তথ্যগুলি স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে(যেমন-নাম, পিতার নাম, মায়ের নাম, জন্ম তারিখ, বয়স)***]

২. **আবেদন প্রাপ্তির প্রমাণ এবং ট্র্যাকিং:** দাখিলকৃত প্রতিটি আবেদনের জন্য এমআইএস-এ স্বয়ংক্রিয়ভাবে একটি ইউনিক ট্র্যাকিং নম্বর তৈরি হবে এবং প্রমাণক হিসেবে সংরক্ষন করা যাবে। আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে এমআইএস থেকে স্বয়ংক্রিয়ভাবে একটি খুদে বার্তা **(SMS)** প্রেরণ করা হবে। ট্রাকিং নম্বর ব্যবহার করে আবেদনকারী তার আবেদনের সর্বশেষ অবস্থা (অনুমোদন/সিদ্ধান্ত গ্রহণ) জানা যাবে।

৩. **দরিদ্রতা সূচক নির্ধারণ এবং ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর ওয়ার্ডভিত্তিক তালিকা তৈরি:** সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত আবেদনের সময় শেষ হওয়ার পর এমআইএস স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত আবেদনসমূহের বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহন করা হবে।

- **দরিদ্রতা সূচক নির্ধারণ:** আবেদনকারীদের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে **“দরিদ্রতা সূচক”** নির্ধারিত হবে এবং প্রত্যেক আবেদনকারী দরিদ্রতা সূচক-এর ভিত্তিতে **"দরিদ্র"** বা **"দরিদ্র নয়"** হিসেবে চিহ্নিত হবে। দরিদ্রতা সূচক সর্বনিম্ন দুই কোয়ান্টাইল নিচে থাকে (দরিদ্রতা সূচকের নিরিখে ৪০%-এর নিচে) তবে আবেদনকারীকে **"দরিদ্র"** হিসেবে চিহ্নিত করা হবে।
- **ওয়ার্ড-ভিত্তিক দরিদ্রতা সূচকের ক্রমানুসারে তালিকা (তালিকা-০১):** সমাজসেবা অফিস কর্তৃক আবেদনকারীদের ওয়ার্ড-ভিত্তিক দরিদ্রতা সূচকের ক্রমানুসারে তালিকা (তালিকা-০১) তৈরি করতে হবে। দরিদ্রতা সূচক যত কম হবে, আবেদনকারীর অগ্রাধিকার/প্রাধান্য তত বেশি হবে। প্রতিটি অর্থ বছরের জন্য দারিদ্র্যের সর্বনিম্ন দুই কোয়ান্টাইল বা দরিদ্রতা সূচকের সীমা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হবে।

- **<u>ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন ভিত্তিক প্রাথমিক তালিকা (তালিকা-০২):</u>** সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার **কর্তৃক** প্রাথমিক যাচাই-বাছাইয়ের পর এমআইএস হতে প্রাপ্ত দারিদ্র্যের সূচক সম্বলিত আবেদনের প্রাথমিক তালিকা (তালিকা-০২) মন্তব্যসহ (প্রযোজ্য ক্ষেত্রে) প্রস্তুতপূর্বক ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কমিটিতে প্রেরণ করা হবে।
- **<u>নির্ধারিত সময়কাল:</u>** এ প্রক্রিয়াটি ১০ (দশ) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।
- **<u>বিলম্বের ক্ষেত্রে সতর্ক বার্তা:</u>** অনলাইন আবেদনের নির্ধারিত সময় শেষ হওয়ার পর ১০ (দশ) দিনের মধ্যে প্রাথমিক তালিকা (তালিকা-০২) প্রস্তুতসহ ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশন কমিটিতে প্রেরণ করা না হলে, সমাজসেবা অধিদপ্তর **থেকে** সংশ্লিষ্ট কর্মকর্তার কাছে এমআইএস হতে স্বয়ংক্রিয়ভাবে একটি সতর্ক বার্তা প্রেরণ **করা হবে**।

**৪. ইউনিয়ন কমিটি (পৌরসভা/সিটিকর্পোরেশনের জন্য প্রযোজ্য নয়):**

- **<u>প্রাথমিকভাবে উপযুক্ত আবেদনকারীদের তালিকা (তালিকা-০৩) এবং অপেক্ষমান তালিকা (তালিকা-০৪):</u>** সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে প্রাপ্ত প্রাথমিক তালিকা (তালিকা-০২) এবং সংশ্লিষ্ট আবেদনসমূহ দরিদ্রতা সূচক, বরাদ্দ ও অন্যান্য প্রাসঙ্গিক মানদণ্ডের উপর ভিত্তি করে নির্ধারিত সময়ের মধ্যে প্রাথমিকভাবে উপযুক্ত আবেদনকারীদের তালিকা (তালিকা-০৩) এবং অপেক্ষমান তালিকা (তালিকা-০৪) প্রস্তুতপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত উপজেলা কমিটি বরাবর প্রেরণ করবে। যদি কমিটি দরিদ্রতা সূচকের ভিত্তিতে "**দরিদ্র**" হিসেবে চিহ্নিত না হলে আবেদনকারীকে "তালিকা ০৩ অথবা ০৪"-এ অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হলে সে বিষয়ে লিখিত যুক্তি প্রদান করতে হবে।
- **<u>সভার কার্যবিবরণী:</u>** ইউনিয়ন সমাজকর্মী সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব হিসেবে কমিটির সকল সদস্যের স্বাক্ষরসহ সভার কার্যবিবরনী প্রস্তুত করবেন এবং এমআইএস-এ আপলোড করবেন।
- **<u>নির্ধারিত সময়কাল:</u>** এ প্রক্রিয়াটি ২০ (বিশ) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।
- **<u>বিলম্বের ক্ষেত্রে সতর্ক বার্তা:</u>** এই ধাপের কাজ ২০ (বিশ) দিনের মধ্যে সম্পন্ন না হলে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার, জেলার উপপরিচালক এবং সমাজসেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার কাছে এমআইএস হতে স্বয়ংক্রিয়ভাবে একটি বার্তা প্রেরণ করা হবে।

**৫. উপজেলা কমিটি (পৌরসভা/সিটিকর্পোরেশনের জন্য প্রযোজ্য নয়):**

- **<u>চূড়ান্ত তালিকা (তালিকা-০৫) এবং অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা (তালিকা-০৬):</u>** উপজেলা কমিটি ইউনিয়ন কমিটি হতে প্রাপ্ত তালিকাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা (তালিকা-০৫) এবং অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা (তালিকা-০৬) অনুমোদন করবে। যদি কমিটি দরিদ্রতা সূচকের ভিত্তিতে "**দরিদ্র**" হিসেবে চিহ্নিত না হলে আবেদনকারীকে "তালিকা ০৫ অথবা ০৬"-এ অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হলে সে বিষয়ে লিখিত যুক্তি প্রদান করতে হবে।
- **<u>সভার কার্যবিবরণী:</u>** উপজেলা কমিটির সদস্য সচিব হিসেবে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার কমিটির সকল সদস্যের স্বাক্ষরসহ সভার কার্যবিবরনী প্রস্তুত করবেন এবং এমআইএস-এ আপলোড করবেন।
- **<u>নির্ধারিত সময়কাল:</u>** এ প্রক্রিয়াটি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।
- **<u>বিলম্বের ক্ষেত্রে সতর্ক বার্তা:</u>** নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন না হলে জেলার উপপরিচালক, বিভাগীয় পরিচালক এবং সমাজসেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার কাছে এমআইএস হতে স্বয়ংক্রিয়ভাবে একটি বার্তা প্রেরণ করা হবে।

**পৌরসভা/সিটিকর্পোরেশন কমিটি:**

- **<u>চূড়ান্ত তালিকা (তালিকা-০৫) এবং অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা (তালিকা-০৬):</u>** সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার সিটি কর্পোরেশন ও পৌরসভার ক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ দরিদ্রতা সূচক, বরাদ্দ ও অন্যান্য প্রাসঙ্গিক মানদণ্ডের উপর ভিত্তি করে নির্ধারিত সময়ের মধ্যে উপযুক্ত আবেদনকারীদের চূড়ান্ত তালিকা (তালিকা-০৫), অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা (তালিকা-০৬) এবং ভাতা প্রাপ্তির অনুপযুক্ত ব্যক্তিদের তালিকা (যদি থাকে) প্রস্তুতপূর্বক এ সংক্রান্ত কমিটিতে উপস্থাপন করবে এবং কমিটি অনুমোদন করবে। যদি কমিটি দারিদ্র সূচকের ভিত্তিতে "**দরিদ্র**" হিসেবে চিহ্নিত **না হলে** আবেদনকারীকে

"তালিকা ০৫ অথবা ০৬"-এ অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত **নেওয়া হলে সে বিষয়ে** লিখিত যুক্তি প্রদান করতে হবে।

- **সভার কার্যবিবরণী:** সমাজসেবা অফিসার সদস্য সচিব হিসেবে কমিটির সকল সদস্যের স্বাক্ষরসহ সভার কার্যবিবরনী প্রস্তুত করবেন এবং এমআইএস-এ আপলোড করবেন।
- **নির্ধারিত সময়কাল:** এ প্রক্রিয়াটি ৩০ **(ত্রিশ) দিনের** মধ্যে সম্পন্ন করতে হবে।
- **বিলম্বের ক্ষেত্রে সতর্ক বার্তা:** নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন না হলে জেলার উপপরিচালক**,** বিভাগীয় পরিচালক এবং সমাজসেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার কাছে এমআইএস হতে স্বয়ংক্রিয়ভাবে একটি বার্তা প্রেরণ করা হবে।

৬. **উপজেলা কমিটি / পৌরসভা কমিটি / সিটি কর্পোরেশন কমিটি নির্ধারিত সময়সীমার মধ্যে তালিকা চূড়ান্ত করতে অসমর্থ হলে পরবর্তী ১ (এক) মাসের মধ্যে জেলা কমিটি তালিকা চূড়ান্ত করবে।**

৭. **আবেদনকারীকে আবেদনের অবস্থা জানানো:**

- তালিকা চূড়ান্ত হওয়ার পর এমআইএস থেকে স্বয়ংক্রিয়ভাবে আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে তার আবেদনের সর্বশেষ অবস্থা সম্পর্কে (বাছাইকৃত/অপেক্ষমাণ/বাতিল) আবেদনকারীকে খুদে বার্তার মাধ্যমে জানানো হবে;
- এমআইএস-এ আবেদন গ্রহণের নির্ধারিত শেষ তারিখ হতে ৩০ দিনের মধ্যে সিদ্ধান্ত (নির্বাচিত/অপেক্ষমাণ/বাতিল) গ্রহণ করা না হলে, এমআইএস স্বয়ংক্রিয়ভাবে আবেদনকারীকে খুদে বার্তার মাধ্যমে অবহিত করবে যে তার আবেদন "প্রক্রিয়াধীন " আছে এবং যে স্তরে (ইউনিয়ন পর্যায়/পৌরসভা স্তর/উপজেলা স্তর/জেলা পর্যায়) প্রক্রিয়াধীন রয়েছে সে বিষয়েও অবহিত করবে।

৮. উপকারভোগী প্রতিস্থাপন:

- **উপকারভোগীর অবস্থা যাচাই:** উপকারভোগীকে বছরে অন্তত ০১ (এক) বার **'লাইভ ভেরিফিকেশন'** মাধ্যমে তার অবস্থা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সমাজসেবা অফিসে উপস্থিত হতে হবে।
- **উপকারভোগীর মৃত্যু:** একজন উপকারভোগীর মৃত্যুর ক্ষেত্রে, সমাজসেবা অফিসার সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলরের কাছ থেকে মৃত্যু সনদ প্রাপ্তি সাপেক্ষে অনুমোদিত অপেক্ষমান তালিকা হতে অগ্রাধিকার ভিত্তিতে এমআইএস-এ মৃত উপকারভোগীর প্রতিস্থাপন করবেন।
- **স্থায়ীভাবে মাইগ্রেশন:** ক) যদি কোনও উপকারভোগী এলাকা ছেড়ে স্থায়ীভাবে চলে যান বা প্রস্থানের তারিখ থেকে ০৬ (ছয়) মাসের মধ্যে তার এলাকায় ফিরে না আসেন, তাহলে সামাজকর্মী সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির সিদ্ধান্তসহ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলরের প্রত্যয়নপত্র প্রাপ্তি সাপেক্ষে অনুমোদিত অপেক্ষমান তালিকা হতে অগ্রাধিকার ভিত্তিতে এমআইএস-এ উপকারভোগীর প্রতিস্থাপন করবেন।
- **অবহিতকরণ ও ব্যাংক/এমএফএস হিসাব খোলা:** প্রতিস্থাপন সম্পন্ন করার পর প্রতিস্থাপিত ভাতাভোগীকে (নতুন) বাছাই করার বিষয়ে সংশ্লিষ্ট সমাজকর্মী অবহিত করবেন এবং এমআইএস হতে স্বয়ংক্রিয়ভাবে নতুনভবে অন্তর্ভূক্ত বিষয়ে ভাতাভোগী কর্তৃক প্রদত্ত মোবাইলে একটি বার্তা (SMS) প্রেরণ করা হবে। এর পর সংশ্লিষ্ট সমাজকর্মী ভাতাভোগীর ব্যাংক/এমএফএস হিসাব খোলা ব্যবস্থা গ্রহণ করবে।
- **নির্ধারিত সময়কাল:** এই ধাপটি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।
- **বিলম্বের ক্ষেত্রে সতর্ক বার্তা:** এ ধাপের কাজ নির্ধারিত কার্যদিবসের মধ্যে সম্পন্ন না হলে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার, সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এবং সমাজসেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার কাছে এমআইএস হতে স্বয়ংক্রিয়ভাবে একটি বার্তা প্রেরণ করা হবে।

**নিম্নের চার্টে উপরে বর্ণিত দরিদ্রতা সূচক ভিত্তিক উপকারভোগী বাছাই এবং প্রতিস্থাপন প্রক্রিয়ার একটি চিত্র উপস্থাপনা করা হয়েছে।**



মোহাম্মদ নাজমুল আহসান
উপসচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## নতুন আবেদন (উপজেলা)

| অফিস / স্তর | ভাতাভোগী বাছাই প্রক্রিয়া (কার্যক্রমসমূহ) |
| --- | --- |
| সমাজসেবা অধিদপ্তর (সদর দপ্তর) | ১ — এমআইএস-এ অনলাইনের মাধ্যমে আবেদন গ্রহণ |
| উপজেলা | ২ — • আবেদনের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এমআইএস স্বয়ংক্রিয়ভাবে "দরিদ্রতা সূচক" নির্ধারণ এবং প্রতিটি আবেদনকারীকে দরিদ্রতা সূচক -এর ভিত্তিতে "দরিদ্র" বা "দরিদ্র **নয়**" হিসাবে চিহ্নিতকরণ।<br>• ওয়ার্ড-ভিত্তিক দরিদ্রতা সূচকের ক্রমানুসারে তালিকা (তালিকা-০১) প্রস্তুতকরণ।<br>• প্রাথমিক যাচাই-বাছাইয়ের পর এমআইএস হতে প্রাপ্ত দরিদ্রতা সূচক সম্বলিত আবেদনের প্রাথমিক তালিকা (তালিকা-০২) প্রস্তুতকরণ।<br>**১০ (দশ) দিন**<br><br>৪ — • যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা (তালিকা-০৫) এবং অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা (তালিকা-০৬) অনুমোদন।<br>• সমাজসেবা অফিসার কর্তৃক তালিকা-০৫ অনুযায়ী এমআইএস-এ তালিকাভূক্তিকরণ।<br>**৩০ (ত্রিশ) দিন** |
| ইউনিয়ন | ৩ — • প্রাথমিক তালিকা (তালিকা-০২) হতে দরিদ্রতা সূচক, বরাদ্দ ও অন্যান্য প্রাসঙ্গিক মানদণ্ডের ভিত্তিতে নির্বাচন।<br>• আবেদনকারীদের তালিকা (তালিকা-০৩) এবং অপেক্ষমান তালিকা (তালিকা-০৪) প্রস্তুতপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত উপজেলা কমিটি বরাবর প্রেরণ।<br>• দরিদ্রতা সূচকের ভিত্তিতে "দরিদ্র **নয়**" হিসেবে চিহ্নিত আবেদনকারীকে "তালিকা ০৩ অথবা ০৪"-এ অন্তর্ভুক্ত করা হলে লিখিত যুক্তি প্রদান।<br>**২০ (বিশ) দিন**<br><br>৫ — • নির্বাচিত ভাতাভোগীকে অবহিতকরণ;<br>• ভাতাভোগীর ব্যাংক/এমএফএস হিসাব খোলা। |

| নোট | |
| --- | --- |
| - - - -> | এমআইএস ভিত্তিক প্রক্রিয়া |
| ——> | ম্যানুয়াল/ কাগজ ভিত্তিক প্রক্রিয়া |

## নতুন আবেদন (সিটিকর্পোরেশন/পৌরসভা)

| অফিস / স্তর | ভাতাভোগী বাছাই প্রক্রিয়া (কার্যক্রমসমূহ) | | |
|---|---|---|---|
| সমাজসেবা অধিদপ্তর (সদর দপ্তর) | ১ এমআইএস-এ অনলাইনের মাধ্যমে আবেদন গ্রহণ | | |
| সিটিকর্পোরেশন /পৌরসভা | ২ • আবেদনের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এমআইএস স্বয়ংক্রিয়ভাবে "দরিদ্রতা সূচক" নির্ধারণ এবং প্রতিটি আবেদনকারীকে দরিদ্রতা সূচক-এর ভিত্তিতে "দরিদ্র" বা "দরিদ্র **নয়**" হিসাবে চিহ্নিতকরণ;<br>• সমাজসেবা অফিসার কর্তৃক প্রাথমিক যাচাই-বাছাই;<br>• আবেদনকারীদের তালিকা (তালিকা-০৫) এবং অপেক্ষমান তালিকা (তালিকা-০৬) প্রস্তুতপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত কমিটি বরাবর প্রেরণ।<br>১০ (দশ) দিন | ৩ • প্রাথমিক তালিকা (তালিকা-০৫) হতে দরিদ্রতা সূচক, বরাদ্দ ও অন্যান্য প্রাসঙ্গিক মানদন্ডের ভিত্তিতে নির্বাচন।<br>• দরিদ্রতা সূচকের ভিত্তিতে "দরিদ্র **নয়**" হিসেবে চিহ্নিত আবেদনকারীকে "তালিকা ০৫ অথবা ০৬"-এ অন্তর্ভুক্ত করা হলে লিখিত যুক্তি প্রদান।<br>• যাচাই-বাছাইপূর্বক বরাদ্দ অনুযায়ী চূড়ান্ত তালিকা (তালিকা-০৫) এবং অগ্রাধিকারভিত্তিক অপেক্ষমাণ তালিকা (তালিকা-০৬) অনুমোদন।<br>• সমাজসেবা অফিসার কর্তৃক তালিকা-০৫ অনুযায়ী এমআইএস-এ তালিকাভূক্তিকরণ।<br>**৩০ (ত্রিশ) দিন** | |
| ওয়ার্ড | | | ৪ • নির্বাচিত ভাতাভোগীকে অবহিতকরণ;<br>• ভাতাভোগীর ব্যাংক/এমএফএস হিসাব খোলা। |

| নোট | |
|---|---|
| ----> | এমআইএস ভিত্তিক প্রক্রিয়া |
| ——> | ম্যানুয়াল/ কাগজ ভিত্তিক প্রক্রিয়া |

## উপকারভোগী প্রতিস্থাপন (মৃত্যুজনিত বা স্থায়ীভাবে মাইগ্রেশন)

